



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

প্রেস বিজ্ঞপ্তি

জেলা শিল্প কলা একাডেমী চট্টগ্রাম কর্তৃক প্রথমবারের মতো গৃহ কর পরিশোধ

০৭ মার্চ ২০১৯ খ্রি.

প্রথমবারের মতো চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে হোল্ডিং ট্যাক্স প্রদান করলো জেলা শিল্প কলা একাডেমী চট্টগ্রাম। আন্তঃমন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী চট্টগ্রাম জেলা শিল্পকলা একাডেমীর নব নির্বাচিত কর্মকর্তারা ০৭ মার্চ ২০১৯ খ্রি. বৃহস্পতিবার দুপুরে মাননীয় মেয়র আ.জ.ম. নাছির উদ্দীন এর নিকট ১২ লক্ষ ৪৫ হাজার ৪ শত টাকার চেক হস্তান্তর করেন। এই সময় প্রধান রাজস্ব কর্মকর্তা আবু শাহেদ চৌধুরী, উপকর কর্মকর্তা মহিউদ্দীন সরোয়ার চৌধুরী, চট্টগ্রাম জেলা শিল্পকলা একাডেমী চট্টগ্রামের সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম বাবু, জেলা সাংস্কৃতিক কর্মকর্তা মো. মোসলেম উদ্দিন সহ চ.সি.ক. এর কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

শিল্পকলা একাডেমী চট্টগ্রাম প্রতিষ্ঠার পর হতে এই প্রতিষ্ঠানটি কখনও হোল্ডিং ট্যাক্স বা পৌর কর প্রদান করেনি। অনেক পত্র আদান-প্রদানের পর আন্তঃমন্ত্রণালয় বৈঠকে গৃহ কর পরিশোধের সিদ্ধান্ত হয়। অতঃপর শিল্পকলা একাডেমীর কর্মকর্তারা গৃহকর পুনঃনির্ধারণের জন্য চ.সি.ক. কর্তৃক গঠিত আপীলবোর্ডের নিকট আপীল দাখিল করেন। উক্ত আপীল বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী শিল্পকলা একাডেমীকে এ গৃহকর নির্ধারণ করা হয়।

শিল্পকলা একাডেমী চট্টগ্রাম নেতৃবৃন্দের নিকট হতে চেক গ্রহণকালে মেয়র মহোদয় বলেন, গৃহকরই চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আয়ের প্রধান উৎস। এই আয় দিয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত সকল সেবা পরিচালিত হয়ে আসছে। কর আদায় ব্যতীত চ.সি.ক. এর অবকাঠামোগত উন্নয়ন, পরিষ্কার পরিচ্ছন্নতা, স্বাস্থ্য ও আলোসহ বিবিধ সেবা অব্যাহত রাখা দুষ্কর। তাই চ.সি.ক. পরিচালিত সেবা সমূহ অব্যাহত রাখতে নগরবাসীকে গৃহকর প্রদানসহ সর্বাঙ্গিক সহযোগিতা করার আহবান জানান মাননীয় মেয়র।

সচিব মোহাম্মদ আবুল হোসেন এর

বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত

০৭ মার্চ ২০১৯ খ্রি.

মাননীয় মেয়র আ.জ.ম. নাছির উদ্দীন বলেছেন, একজন কর্মকর্তার সবচেয়ে বড় গুণ হলো সততা, দক্ষতা ও বিচক্ষণতা এবং সকলের নিকট আস্থাভাজন হওয়া। আর এসব গুণাবলী চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সচিব মোহাম্মদ আবুল হোসেনের মধ্যে বিদ্যমান ছিল। ০৭ মার্চ ২০১৯ খ্রি. বৃহস্পতিবার দুপুরে কর্পোরেশনের বিদায়ী সচিব মোহাম্মদ আবুল হোসেনের বিদায়ী সংবর্ধনায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা। এতে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিদায়ী সচিব মোহাম্মদ আবুল হোসেন, প্রধান রাজস্ব কর্মকর্তা আবু শাহেদ চৌধুরী, প্রধান শিক্ষা কর্মকর্তা সুমন বড়ুয়া, প্রধান প্রকৌশলী মহিউদ্দিন আহমেদ, চ.সি.ক. শ্রমিক কর্মচারি লীগ সিবিএ এর সাধারণ সম্পাদক মোরশেদুল আলম। এসময় মঞ্চে সম্মানিত কাউন্সিলর মো. আবুল হাশেম, স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস, নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে মেয়র মহোদয় আরো বলেন, বিদায়ী সচিব চট্টগ্রাম সিটি কর্পোরেশনে দায়িত্ব পালনকালে সবসময় আমার সাথে পরামর্শ করতেন। আমার প্রত্যাশা তিনি একদিন পূর্ণ সচিবের দায়িত্ব পাবেন। তিনি বলেন, দায়িত্বকালীন সময়ে সচিব আবুল হোসেন চেষ্টা করেছেন কর্পোরেশনের কাজের পরিবেশকে উন্নত করতে, যা পেরেছেনও। আমি আশাকরি কর্পোরেশনের কাজের পরিবেশ আরো উন্নত হবে। তবে এ ব্যাপারে সবার সম্মিলিত প্রয়াস প্রয়োজন। মেয়র বলেন, আমি কর্পোরেশনের জনবলকাঠামো অনুমোদনে আর্থান চেষ্টা চালিয়ে যাচ্ছি। অস্থায়ীদের বেতনও বৃদ্ধি করবো। এ বিষয়ে কর্মকর্তা-কর্মচারীদের ভুলবুঝাবুঝির কোন অবকাশ নাই। বিদায়ী সচিব মো. আবুল হোসেন বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনে প্রায় ৩ বছর দায়িত্ব পালন করেছি। সরকারি কর্মকর্তা-কর্মচারীদের চাকুরি জীবনে বদলী একটি স্বাভাবিক প্রক্রিয়া। এর মাঝেও চট্টগ্রাম সিটি কর্পোরেশনে দায়িত্বকালীন সময়টা অভিজ্ঞতাপূর্ণ ও স্মৃতিময়। এখানে কাজের ধরনের কারণে অনেক ধরনের মানুষের সাথে ভাব বিনিময় ও মতের আদান প্রদান হয়েছে। যা আমার কর্মজীবনের বড় প্রাপ্তি ও সৌভাগ্যের বিষয়। এখানে দায়িত্ব কালীন সময়ে সকল কর্মকর্তা কর্মচারী ও সহকর্মীদের আন্তরিক সহযোগিতা পেয়েছি। মেয়র মহোদয়ও কখনো কাজের বিষয়ে চাপ প্রয়োগ করেননি। সর্বদা স্বাধীনভাবে কাজ করার অনুপ্রেরণা যুগিয়েছেন মেয়র মহোদয়। পরে মাননীয় মেয়র আ.জ.ম. নাছির উদ্দীন ও কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীরা বিদায়ী সচিব মোহাম্মদ আবুল হোসেনকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। এসময় কর্পোরেশনের পক্ষ থেকে মাননীয় মেয়র বিদায়ী এ কর্মকর্তার হাতে ক্রেস্ট ও উপহার তুলে দেন।

১১ই মার্চ হতে শুরু হতে যাচ্ছে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিশেষ ক্রাশ প্রোগ্রাম

০৭ মার্চ ২০১৯ খ্রি.

নগরীর জলাবদ্ধতা নিরসনে আসন্ন বর্ষা মৌসুমের পূর্বে জরুরী ভিত্তিতে সকল ওয়ার্ডের নালা-নর্দমা থেকে মাটি-আবর্জনা উত্তোলন/পরিষ্কার করার লক্ষ্যে ৪১ টি ওয়ার্ডে বিশেষ ক্রাশ প্রোগ্রাম শুরু করতে যাচ্ছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। এই ক্রাশ প্রোগ্রাম আগামী ১১ই মার্চ থেকে শুরু হয়ে ১১ই এপ্রিল-২০১৯ পর্যন্ত চলবে। মাসব্যাপী এ ক্রাশ প্রোগ্রাম ১১ মার্চ দেওয়ান বাজার ওয়ার্ড থেকে আনুষ্ঠানিক উদ্বোধন করবেন মাননীয় মেয়র আ.জ.ম. নাছির উদ্দীন।

প্রেস বিজ্ঞপ্তি

০৭ মার্চ ২০১৯ খ্রি.

আন্তর্জাতিক নারী দিবস-২০১৯ উদযাপন করতে যাচ্ছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। এ উপলক্ষে চ.সি.ক. এর উদ্যোগে ৮ মার্চ শুক্রবার সকাল সাড়ে ৯ টায় নগরভবনস্থ বঙ্গবন্ধু চত্বর হতে এক বর্ণাঢ্য র্যালী অনুষ্ঠিত হবে। উক্ত র্যালী উদ্বোধন করবেন মাননীয় মেয়র আ.জ.ম. নাছির উদ্দীন। এতে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা